

# জেলা পরিষদ

## গাজীপুর

[www.zpgazipur.gov.bd](http://www.zpgazipur.gov.bd)

স্মারক নং-৪৬.৪২.৩৩০০.০০০.০০১.০৯.০০৬৫.২৫-৩৬

তারিখঃ ০৮-০৩-২০২৬খ্রিঃ

### নিয়োগ বিজ্ঞপ্তি

স্থানীয় সরকার বিভাগ, জেলা পরিষদ শাখার ০২.১১.২০২৫ তারিখের ৪৬.০০.০০০০.০৪২.১১.০১১.১৯.২৩৫৭ নম্বর স্মারকের ছাড়পত্রের আলোকে গাজীপুর জেলা পরিষদের সাংগঠনিক কাঠামোভুক্ত নিম্নবর্ণিত শূন্য পদসমূহে ২০১৫ সনের জাতীয় বেতন স্কেল অনুযায়ী অস্থায়ী ভিত্তিতে নিয়োগের লক্ষ্যে বাংলাদেশের স্থায়ী নাগরিকের নিকট হতে শর্ত সাপেক্ষে গাজীপুর জেলা পরিষদের নির্ধারিত চাকুরীর আবেদন ফরমে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে।

ক্রম	পদের নাম	বেতন স্কেল	বয়স	পদ সংখ্যা	শিক্ষাগত যোগ্যতা
১	২	৩	৪	৫	৬
১	হিসাবরক্ষক	১১০০০-২৬৫৯০ গ্রেড-১৩	১৮-৩২ বছর	০১ (এক)টি	কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে বাণিজ্য বিভাগে ন্যূনতম ২য় শ্রেণিতে স্নাতক বা সমমানের ডিগ্রী
২	বার্তাবাহক	৮৫০০-২০৫৭০ গ্রেড-১৯	১৮-৩২ বছর	০১ (এক)টি	কোন স্বীকৃত শিক্ষাবোর্ড হতে মাধ্যমিক স্কুল সাটিফিকেট অথবা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ।
৩	অফিস সহায়ক	৮২৫০-২০০১০ গ্রেড-২০	১৮-৩২ বছর	০৩ (তিন)টি	কোন স্বীকৃত শিক্ষাবোর্ড হতে মাধ্যমিক স্কুল সাটিফিকেট অথবা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ।

### শর্তাবলী :

- আবেদন ফরম গাজীপুর জেলা পরিষদের ওয়েবসাইট ([www.zpgazipur.gov.bd](http://www.zpgazipur.gov.bd)) এ পাওয়া যাবে। এছাড়া জেলা পরিষদ, গাজীপুর হতে নির্ধারিত তারিখের মধ্যে অফিস সময়ে সংগ্রহ করা যাবে।
- আগ্রহী প্রার্থীদের আবেদন ফরমে বর্ণিত তথ্যাদি উল্লেখপূর্বক “প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, গাজীপুর” বরাবরে আগামী ৩১/০৩/২০২৬খ্রি. তারিখ বিকেল ৫.০০ ঘটিকার মধ্যে সরাসরি অথবা ডাকযোগে আবেদনপত্র পৌছাতে হবে। বিলম্বে প্রাপ্ত বা অসম্পূর্ণ ও ত্রুটিপূর্ণ এবং স্বাক্ষরবিহীন আবেদন সরাসরি বাতিল বলে গণ্য হবে। এ বিষয়ে কোন আপত্তি গ্রহণযোগ্য হবে না।
- আবেদনকারীর বয়স ৩১/০৩/২০২৬খ্রি. তারিখে ১৮-৩২ বছরের মধ্যে হতে হবে।
- সরকারী নীতিমালা মোতাবেক মুক্তিযোদ্ধা, শহিদ মুক্তিযোদ্ধা ও বীরস্মারক সন্তান/শারীরিক প্রতিবন্ধী/ক্ষুদ্র নৃ-গোষ্ঠী ও তৃতীয় লিঙ্গের প্রার্থীদের জন্য কোটা সংক্রান্ত সরকারি বিধান অনুসরণ করা হবে। প্রার্থীকে তার দাবীকৃত কোটা সমর্থনের যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদপত্র/প্রমাণপত্রের সত্যায়িত কপি আবেদনের সাথে দাখিল করতে হবে। অন্যথায় তাকে সাধারণ প্রার্থী হিসেবে বিবেচনা করা হবে।
- আবেদনপত্রের সাথে নিম্নবর্ণিত কাগজপত্র সংযুক্ত করতে হবে;
  - ১ম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক শিক্ষাগত যোগ্যতার সনদপত্রের সত্যায়িত অনুলিপি।
  - ১ম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত সদ্য তোলা পাসপোর্ট সাইজের ৩(তিন) কপি রঙ্গিন ছবি।
  - সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান, পৌরসভা/সিটি কর্পোরেশনের মেয়র/কাউন্সিলর কর্তৃক স্বাক্ষরিত নাগরিক সনদপত্রের মূলকপি।
  - মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা হিসেবে আবেদনকারীর সম্পর্কের প্রত্যয়নপত্র যা ইউপি চেয়ারম্যান/পৌরসভার মেয়র/সিটি কর্পোরেশনের কাউন্সিলর কর্তৃক প্রদত্ত হতে হবে।
  - ১ম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক চারিত্রিক সনদপত্রের মূলকপি।
  - জাতীয় পরিচয়পত্র ও জন্ম নিবন্ধনের সত্যায়িত অনুলিপি।
  - আবেদনের সাথে যে কোন তফসিলভুক্ত ব্যাংক হতে প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, গাজীপুর এর অনুকূলে ক্রমিক নং (১) এর বিপরীতে বর্ণিত পদের জন্য ২০০/- টাকা এবং ক্রমিক নং (২ ও ৩) এর বিপরীতে বর্ণিত পদের জন্য ১০০/- টাকার পে অর্ডার/ব্যাংক ড্রাফট (অফেরতযোগ্য) পরীক্ষার ফি বাবদ দাখিল করতে হবে।
  - অভিজ্ঞতার সনদপত্রের সত্যায়িত ফটোকপি (যদি থাকে)।